



Reg. No.Dha-0462

বাংলাদেশ মহিলা পরিষদ

BANGLADESH MAHILA PARISHAD

SUFIA KAMAL BHABAN

10/B/1, SEGUN BAGICHA, DHAKA-1000

Phone 9582182, Fax 9563529, website: www.mahilaparishad.org

E-mail: info@mahilaparishad.org, mparishad@gmail.com

NGOs in consultative status with the Economic and Social Council [ECOSOC] of the United Nations

তারিখ: ২৪.০৮.২০২২

বরাবর

বার্তা সম্পাদক সমীপে

দৈনিক পত্রিকা ও টেলিভিশন চ্যানেল

সংবাদ প্রকাশ ও সংবাদ প্রচারার্থে।

বিষয়ঃ রাজধানীর মোহাম্মদপুর থানাধীন রায়েরবাজারের ইদ্রিস খান রোডে স্ত্রীকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় কিশোর গ্যাং কর্তৃক স্বামীকে কুপিয়ে আহত করার ঘটনায় তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ প্রকাশ করে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২৪ আগস্ট, ২০২২ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানা যায় যে- রাজধানীর মোহাম্মদপুর থানাধীন রায়েরবাজারের ইদ্রিস খান রোডে স্ত্রীকে উত্ত্যক্তের প্রতিবাদ করায় কিশোর গ্যাং কর্তৃক স্বামীকে কুপিয়ে আহত করার ঘটনা ঘটেছে। ঘটনা সূত্রে জানা যায়, গত এক মাস ধরে আহত রাকিবের স্ত্রীকে মোবাইল ফোনে অভিযুক্ত কবির কুপ্তস্তাব দিয়ে আসছিল। মোবাইল ফোনে নানা কুপ্তস্তাবের পর তার চলাফেরা সীমিত হয়ে যায়। তিনি বাসার বাইরে গেলেও কবির ও তার লোকজন বারবার তার স্ত্রীকে নানাভাবে উত্ত্যক্ত করত। ঘটনাটি তার স্বামীকে বললে তার স্বামী গত ১৯ আগস্ট, ২০২২ তারিখ স্থানীয় সংসদ সদস্য সাদেক খানের ভাতিজা মামুন খানের কাছে বিচার দেন। এতে ক্ষিপ্ত হয়ে গত ২৩ আগস্ট, ২০২২ তারিখ কবির ডাইল্যা হুদয়ের ১৪-১৫ জন দলের সদস্য নিয়ে রাকিবকে ইদ্রিস খান রোডে নিয়ে যেয়ে এলোথাপি কুপিয়ে গুরুতর আহত করে চলে যায়। রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে রাকিবকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়।

আমরা গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি যে, রাস্তাঘাটে চলাচলের সময় নারী ও কন্যা-শিশুর প্রতি যৌন হয়রানির ঘটনাগুলো উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাচ্ছে। সেই সাথে কিশোর গ্যাংয়ের উৎপাত এলাকাভিত্তিক হওয়ায় রাস্তাঘাটে চলাফেরার পথে নারী-কন্যা শিশুরা বিভিন্ন যৌন হয়রানি ও উত্ত্যক্তকরণের শিকার হচ্ছে যার ফলে তাদের স্বাভাবিক জীবন ব্যাহত ও চলাচলের পথে নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে, যা নারী ও কন্যা-শিশুর স্বাধীন চলাচল এবং তাদের অগ্রযাত্রার পথে প্রতিবন্ধকতা তৈরি করেছে। বাংলাদেশ মহিলা পরিষদ যৌন নিপীড়ন, উত্ত্যক্তকরণ বন্ধে মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে যৌন নিপীড়ন নিরোধ আইন তৈরি ও কার্যকর করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জোর দাবি জানাচ্ছে। সেই সাথে এলাকাভিত্তিক কিশোর গ্যাংয়ের উৎপাত বন্ধে আইন-শৃঙ্খলা বাহিনীকে কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য দাবি জানাচ্ছে।

বাংলাদেশ মহিলা পরিষদ স্ত্রীকে উত্ত্যক্তকরণ এবং স্বামীকে আহত করার ঘটনার সাথে জড়িতদের দ্রুত গ্রেফতার, সূষ্ঠা ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছে। এ ধরনের ঘটনা পুনরাবৃত্তিরোধে আশু কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে। সেই সাথে যৌন নিপীড়ন, উত্ত্যক্তকরণ বন্ধে বাংলাদেশ মহিলা পরিষদ নারী ও কন্যার প্রতি সহিংসতা এবং সামাজিক অবক্ষয়ের বিরুদ্ধে সারাদেশে সামাজিক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

ডা. ফর্জিয়া মোসলেম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ